[অর্থঋণ আদালত আইন, ২০০৩ এর ১২(৩) ধারা অনুযায়ী]

# বন্ধকী সম্পত্তি বিক্রয়ের নিলাম বিজ্ঞপ্তি

প্রাইম ব্যাংক পিএলসি., লিগ্যাল ডিভিশন, হেড অফিস, প্রাইম টাওয়ার, প্লট নম্বর-৩৫ এবং ৮, নিকুঞ্জ, সি/এ, এয়ারপোর্ট রোড, থানা: খিলক্ষেত, ঢাকা-১২২৯ এর ঋন গ্রহীতা-**মেসার্স ডি, এস টেলিকম এর সত্তাধিকারী জনাব সুজল চন্দ্র ঘোষ ওঁরফে সুজল ঘোষ,** পিতা: জনাব দুলাল ঘোষ এবং মাতা: সন্ধ্যা ঘোষ, ব্যবসা প্রতিষ্ঠানের ঠিকানা: ৮৭, কে, ডি, এ নিউ মার্কেট, খুলনা এবং স্থায়ী ঠিকানা: ২৭, স্যার ইকবাল রোড, ডাকঘর: খুলনা সিটি-৯১০০, থানা: খুলনা সদর, জেলা: খুলনা এর নিকট সুদে আসলে ০২/০১/২০২৫ ইং তারিখ পর্যন্ত মোট পাওনা **১,০৩,৫৭,০৩৫.৫৪/-৫৪ (এক কোটি তিন লক্ষ সাতান্ন হাজার পঁয়ত্রিশ এবং পঁয়সা চুয়ান্ন)** মাত্র এবং আদায়কাল পর্যন্ত সুদ ও অন্যান্য খরচ আদায়ের নিমিত্তে ঋণের বিপরীতে নিম্ন তফসিলে বর্ণিত স্থাবর সম্পত্তি [যা বন্ধকদাতা পাপড়ি ঘোষ, স্বামী-জনাব সুজল চন্দ্র ঘোষ ওঁরফে সুজল ঘোষ, পিতা: জনাব উৎপল বসু এবং মাতা: নয়ন বসু স্থায়ী ঠিকানা: ২৭, স্যার ইকবাল রোড, ডাকঘর: খুলনা সিটি-৯১০০, থানা: খুলনা সদর, জেলা: খুলনা, কর্তৃক ব্যাংকের নিকট রেজিষ্ট্রিকৃত বন্ধকী দলিলমূলে বন্ধককৃত ও বিক্রয়ের ক্ষমতা অর্পণ করে ব্যাংকের অনুকূলে অপ্রত্যাহারযোগ্য সাধারণ আমমোক্তারনামা দলিল সম্পাদন করিয়া দেয়া আছে] নিলাম বিক্রয়ের জন্য নিম্ন বর্ণিত শর্তাদিতে আগ্রহী ক্রেতাগণের নিকট হতে সীল মোহরকৃত দরপত্র আহবান করা হচ্ছে। উল্লেখ্য দরপত্র দাখিলের পূর্বেই নিলামে অংশগ্রহণকারী ইচ্ছুক ব্যক্তি/প্রতিষ্ঠান এই সংক্রান্ত অতিরিক্ত কোন তথ্য (যদি প্রয়োজন হয়) অবগত হবার জন্য অফিস চলাকালীন সময়ে নিম্নে উল্লেখিত ঠিকানায় যোগাযোগ করতে পারবেন।

## শর্তাবলী:

১. প্রত্যেক দরপত্রদাতাকে তাদের নিজস্ব প্যাডে বা সাদা কাগজে স্পষ্ট অক্ষরে নিলাম ক্রেতার নাম, ঠিকানা ও টেলিফোন/মোবাইল নম্বর, প্রদত্ত দর অংকে ও কথায় লিখে এবং দরপত্র সীলমোহরকৃত খামে এবং খামের উপরে স্পষ্ট অক্ষরে সম্পত্তি ক্রয়ের দরপত্র লিখে দাখিল করতে হবে।

২. দরপত্র জমা দেয়ার শেষ তারিখ আগামী **২৬.০২.২০২৫ ইং** বিকাল ৩.০০ ঘটিকা। দরপত্র নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে প্রাইম ব্যাংক পিএলসি., আইন বিভাগ, প্রাইম টাওয়ার, ৫ম তলা, প্লট নং-৩৫ এবং ৮ নিকুঞ্জ, সি/এ, ঢাকায় রক্ষিত নির্ধারিত বাক্সে জমা দিতে হবে এবং ঐ দিন বিকাল ৩.১৫ ঘটিকায় দরপত্র দাতাদের সম্মুখে (যদি কেউ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা হবে এবং সর্বোচ্চ দরদাতাকে তফসীলি সম্পত্তি ক্রয়ে সর্বাগ্রে আহ্বান করা হবে। **(উল্লেখ থাকে যে, উক্ত ধার্য তারিখে যদি কোন কারনে সরকারী ছুটি ঘোষনা করা হয় তাহলে পরবর্তী কার্য দিবসে উক্ত দরপত্র বাক্স খোলা হবে);**

৩. তফসিল বর্ণিত সম্পত্তি ক্রয়ের জন্য **প্রাইম ব্যাংক পিএলসি.** এর অনুকূলে ব্যাংক ড্রাফট / পে অর্ডার এর মাধ্যমে নিম্নরূপ জামানত দরপত্রের সাথে দাখিল করতে হবে এবং বর্ণিত সময় সূচী অনুযায়ী অবশিষ্ট টাকা পরিশোধ করতে হবে।

| দরপত্রের উদ্ধৃত মূল্য | জামানত | বাকি টাকা পরিশোধের সময় |
|---|---|---|
| অনূর্ধ্ব টাঃ ১০,০০,০০০ হলে | ২০% | দরপত্র গৃহীত হবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিন |
| টাঃ ১০,০০,০০১-অনূর্ধ্ব টাঃ ৫০,০০,০০০ হলে | ১৫% | দরপত্র গৃহীত হবার পরবর্তী ৬০(ষাট) দিন |
| টাঃ ৫০,০০,০০০ এর উর্ধ্বে হলে | ১০% | দরপত্র গৃহীত হবার পরবর্তী ৯০(নব্বই) দিন |

দরপত্র গৃহীত হওয়ার উল্লেখিত সময়ের মধ্যে সমুদয় মূল্য পরিশোধে ব্যর্থ হলে জামানতের টাকা বাজেয়াপ্ত হবে এবং বাজেয়াপ্তকৃত টাকা দাবিকৃত টাকার সাথে সমন্বয় করা হবে। অকৃতকার্য দরপত্রের বিপরীতে জমাকৃত জামানতের অর্থ যথাসময়ে ফেরত প্রদান করা হবে।

৪. নিলাম দরপত্রের সাথে নিলাম দরপত্র দাতার জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

৫. উপরে বর্ণিত শর্ত ৩ (তিন) এর অধীনে প্রথম সর্বোচ্চ দরদাতার জামানত বাজেয়াপ্ত হলে বাজেয়াপ্ত অর্থ এবং ২য় সর্বোচ্চ দরদাতার দরপত্রের মুল্য একত্রে সর্বোচ্চ দরপত্র অপেক্ষা কম না হলে উক্ত ২য় সর্বোচ্চ দরদাতাকে সম্পত্তি নিলামে খরিদ করিতে আহ্বান করা হবে। ২য় সর্বোচ্চ দরদাতা আহুত হবার পর ৩নং শর্তে নির্ধারিত অনুরূপ সময়সীমার মধ্যে মুল্য পরিশোধ করবেন এবং তা করতে ব্যর্থ হলে তার জামানত বাজেয়াপ্ত হবে এবং জামানতের অর্থ উক্ত দাবীকৃত টাকার সাথে সমন্বয় করা হবে।

৬. দরপত্রে প্রদত্ত মূল্য অস্বাভাবিক কম/অপর্যাপ্ত প্রতীয়মান হলে এবং কম জামানত প্রদানকারী কিংবা ত্রুটিপূর্ণ দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

৭. নিলামে অংশগ্রহনে ইচ্ছুক ব্যক্তিগণ বিস্তারিত তথ্যের জন্য ব্যাংকের **আইন বিভাগে** অফিস চলাকালীন সময়ে যোগাযোগ করতে পারবেন।

৮. তফসিলী সম্পত্তির উপর কোন সরকারী, আধা-সরকারী বা স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের, পৌরসভা, ওয়াসা, পি.ডি.বি, গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠান, উন্নয়ন কর ইত্যাদিসহ অন্য যে কোন পাওনাদারের পাওনা বা দাবী থাকিলে তা পরিশোধের কোন দায়িত্ব ব্যাংক বহন করবে না। প্রস্তাবকৃত মূল্যের উপর প্রদেয় ''মূল্য সংযোজন কর" সহ অন্যান্য সকল খরচ দরপত্রদাতাকে বহন করতে হবে।

৯. সম্পত্তি রেজিষ্ট্রেশন/ হস্তান্তর সংক্রান্ত যাবতীয় খরচ যেমন স্ট্যাম্প ডিউটি, গেইনট্যাক্স, জেলা পরিষদ/লোকাল গভঃ ফিস, AIT, VAT ও ক্রয়কৃত সম্পত্তির সব ধরনের ট্যাক্স (বকেয়া সহ যদি থাকে) সহ অন্যান্য সমুদয় খরচ এবং দলিল রেজিষ্ট্রেশন সংক্রান্ত যাবতীয় খরচ সফল নিলাম ক্রেতাকে বহন করতে হবে।

১০. সফল নিলাম ক্রেতার অনুকূলে শর্তপূরণ সাপেক্ষে হস্তান্তর প্রক্রিয়া সম্পন্ন করা হবে এবং দখল হস্তান্তরের জন্য অর্থঋণ আদালত আইন, ২০০৩ এর ১২(৫ক) ধারা মোতাবেক স্থানীয় অধিক্ষেত্র জেলা ম্যাজিষ্ট্রেটের মাধ্যমে আইনানুগ সহযোগিতা প্রদান করা হবে।

১১. কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ, বাতিল বা সকল দরপত্র বাতিল করার অধিকার ব্যাংক কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

১২. প্রাইম ব্যাংক পিএলসি দরদাতা কর্তৃক নির্ধারিত সময়সীমার মধ্যে সম্পূর্ণ মূল্য পরিশোধ সাপেক্ষে দরদাতাকে অথবা দরদাতার লিখিত অনুরোধক্রমে তার মনোনীত অন্য কোন তৃতীয় ব্যাক্তি/পক্ষকে বর্ণিত সম্পত্তি হস্তান্তর করবে।

## তফসিল বর্ণিত সম্পত্তির পরিচয়

জেলা ও সাব-রেজিস্ট্রী অফিস: খুলনা, থানা-খালিশপুর, জে.এল. নং: সি, এস ও এস, এ ১৪ এবং আর,এস ১২, মৌজা-গোয়ালপাড়া, খালিশপুর হাউজিং এষ্টেট, খুলনা এর পট নং-২ (নর্থ ব্রক), যাহার পান কেস নং-১০৭, বুজরাত খতিয়ান নং-৫৭৫৫, আর, এস খতিয়ান নং-১৮, আর, এস প্লট নং-৬৭৯০, জমির পরিমান-৩০০ বর্গগজ বা ০.০৬১৯ একর বা ৬.১৯. শতক সহ তদুপরিস্থিত ফ্যাক্টরী, প্রকল্প ভবন, বাড়ী ঘর/দালান কোঠা ও অন্যান্য অবকাঠামো এবং ভোগ ব্যবহারের অধিকার সহ ইজমেন্ট রাইট।

**সম্পত্তির চৌহদ্দি:**

উত্তরে: নর্থ বুক মেইন রোড (১৫ ফুট চওড়া পাকা) । দক্ষিনে: প্লট নং-৩৯।

পূবে: আকরাম হোসেনের জমি। পশ্চিমে: খালিশপুর মেইন রোড (২৫ ফুট চওড়া পাকা)।

**আইন বিভাগ, প্রাইম টাওয়ার (৫ম তলা)**
প্লট নং-৩৫ এবং ৮ নিকুঞ্জ, সি/এ, এয়ারপোর্ট রোড, খিলক্ষেত, ঢাকা।
ফোনঃ +৮৮০৯৬১০৯৯০০০০ (এক্সটেনশন-১০৪০৩)

প্রাইম ব্যাংক

Size: 3 col. x 10.5 inch